

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি) ০৬/০৭  
www.mopa.gov.bd

৬০৪  
৬/৩/১৬

বিভাগীয় কর্মসূচী  
আ.স.অব. :  
তারিখ: ১৯ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ  
২ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ

০৫.০০.০০০০.২২৪.০০.০৪৬.১২.৩৮(১০০)

তারিখ:

বিষয়: পার্সোনাল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (পিএমআইএস)- এ তথ্য হালনাগাদ, সম্প্রতি তোলা পার্সপোর্ট সাইজের ছবি সংযোজন এবং All Cadre PMIS- এ রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্রে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত সকল কর্মকর্তা এবং উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের অন্যান্য কর্মকর্তাগণের যাবতীয় তথ্যাবলী কম্পিউটারে সংরক্ষণ করা হয়। কর্মী ব্যবস্থাপনার ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় উক্ত তথ্য ব্যবহার করা হয়। বিভিন্ন সময়ে কর্মকর্তাদের তথ্যাদি হালনাগাদ করতে অনুরোধ করার পরেও পিএসিসি-র কম্পিউটারে সংরক্ষিত তথ্যাবলী পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে, পিডিএস-এ অনেক কর্মকর্তার স্থায়ী ঠিকানা, মোবাইল নাম্বার এবং ছবি সংযোজিত করা হয়নি। যাদের ছবি রয়েছে তাও আবার অনেক দিনের পুরানো। কর্মকর্তাগণ ওয়েব এনাবল পিএমআইএস-এর মাধ্যমে তাদের নিজেদের তথ্য দেখার সুযোগ থাকার পরেও কর্মকর্তাগণ উল্লেখিত তথ্যাদিসহ অনেক তথ্য হালনাগাদ করছেন না। ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক হালনাগাদ তথ্য প্রদান করা সম্ভব হচ্ছে না। এতে বিভিন্ন সময়ে সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে।

০২. তা-ছাড়া All Cadre PMIS-এ বিসিএস (প্রশাসন) ক্যাডার কর্মকর্তাদেরকে গত ১৫/০২/২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন করতে বলা হলেও ১৭৬৩ জন কর্মকর্তা এখনো রেজিস্ট্রেশন করেননি। যেসমস্ত কর্মকর্তাগণ রেজিস্ট্রেশন-এর কাজ সম্পন্ন করেননি তাদের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) প্রদান করা হ'ল।

০৩. বর্ণিত অবস্থায় তাঁর অধীনস্থ মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরসমূহে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত সকল কর্মকর্তা এবং উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের অন্যান্য কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত বিষয়গুলোর প্রতি জরুরী ভিত্তিতে যথাযথ উদ্যোগ গ্রহণের লক্ষ্যে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশিত হয়ে বিনীত অনুরোধ করা হ'ল:

- (ক) পিএমআইএস সম্পর্কিত পিডিএস-এর তথ্যাবলী হালনাগাদ আছে কিনা তা সংশ্লিষ্ট কর্মকর্তা নিজ উদ্যোগে ওয়েব এনাবল পিএমআইএস-এর মাধ্যমে অথবা নিম্নস্বাক্ষরকারীর সাথে সরাসরি অথবা টেলিফোনের মাধ্যমে বিশেষ করে কর্মকর্তার স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, সম্প্রতি তোলা পার্সপোর্ট সাইজের ছবি (পিছনে সাদা) প্রতিস্থাপনসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ করতে হবে।
- (খ) আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে All Cadre PMIS-এ রেজিস্ট্রেশন-এর কাজ সম্পন্ন করে All Cadre PMIS- সম্পর্কিত পিডিএস এন্ট্রির যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।
- পিডিএস হালনাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া বিধায় কর্মকর্তাগণ তাঁদের তথ্যাদি সকল সময় হালনাগাদ রাখার বিষয়ে সহযোগিতা এবং তথ্যের সঠিকতার বিষয়েও লক্ষ্য রাখতে অনুরোধ করা হ'ল।

১২/৩/২০১৬  
(মো: মোছলেহ উদ্দিন)  
সিনিয়র সিস্টেমস এনালিস্ট  
ফোন: ৯৫৪০৪৮৫  
ই-মেইল: ssa@mopa.gov.bd

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব/বিশ্বাসীয় কমিশনার/জেলা প্রশাসক  
মন্ত্রণালয়/বিভাগ/জেলা

অনুলিপি:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাঁও, ঢাকা।  
০৩. সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।  
০৪. সহকারী প্রোগ্রামার- ২, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

অতিরিক্ত সচিব-এর দপ্তর  
নং ৪০১৫ তার ৬/৩/১৬  
মুখ্য-সচিব (বাজেট ও আইটি)  
মুখ্য-সচিব (এনইসি ও সমন্বয়)  
সহ-প্রধান (একনেক)  
সচিব (প্রশাসন)  
সচিব (প্রশাসন-১)  
সচিব (সিটি)  
সমন্বয়  
সহকারী (১/২)